আল্লাহ, তাঁর প্রতিই সকল কাজের প্রত্যাবর্তন; আল্লাহ, অতি প্রিয় অস্তিত্বের মালিক, তিনি ব্যতীত সবই ধ্বংসশীল।

فَرَضَ عَلَيْكَ الْقُرْآنَ لَرَأْدِكَ إِلَى مَعَادٍ فِي كُلِّ اقْتِرَابٍ

ফারাদ্বা 'আলাইকাল ক্বুরআ-না লারা-দুকা ইলা- মা'আ-দিন ফী- কুল্লি ইক্বতিরা-বিও  
নিশ্চয় যিনি ফরয করেছেন আপনার প্রতি ক্বুরআন, অবশ্যই আপনাকে প্রত্যাবর্তনস্থলে নিয়ে যাবেন সর্বপ্রকারের নৈকট্যে,

وَابْتِعَادٍ وَابْتِهَاضٍ وَاقْتِعَادٍ رَبَّنَا إِنَّا مِنْ لَدُنْكَ رَحْمَةٌ وَهَيِّئْ

ওয়া ইবতি'আ-দিও ওয়া ইবতিহা-দিও ওয়া ইক্বতি'আ-দ। রাব্বানা- আ-তিনা মিল্ লাদুনকা রাহমাতাও ওয়াহায়্যি'  
দূর, উঠা ও বসায়। হে আমাদের রব! আমাদেরকে দান করো তোমার নিকট থেকে রহমত এবং তৈরী করো

لَنَا مِنْ أَمْرِنَا رَشَدًا وَاجْعَلْنَا مِمَّنْ اهْتَدَىٰ بِكَ فَهْدَىٰ

লানা- মিন্ আমরিনা- রাশাদা-। ওয়াজ'আলনা- মিম্মানিহ'তাদা- বিকা ফাহাদা-  
আমাদের জন্য হেদায়তপূর্ণ সঠিক কার্যদি; অন্তর্ভুক্ত করো আমাদেরকে তাদের মধ্যে, যারা তোমার হেদায়তপ্রাপ্ত হয়েছে। সুতরাং পথপ্রদর্শক হয়েছেন,

حَتَّى لَا يَقَعَ مِنَّا نَظْرٌ إِلَّا عَلَيْكَ وَلَا يَسِيرُ بِنَا وَطَرٌ إِلَّا إِلَيْكَ

হাত্তা- লা- ইয়াক্বা'আ মিন্না- নাযারন ইল্লা- 'আলাইকা ওয়ালা- ইয়াসী-রু বিনা- ওয়াত্বারন ইল্লা- ইলাইকা  
এমনকি আমাদের দৃষ্টি যেন নিবদ্ধ না হয় কিন্তু তোমার প্রতি, এবং কোন প্রয়োজন যেন আমাদের না চালায় কিন্তু তোমার প্রতি

وَسِرُّنَا فِي مَعَارِجِ الْمَدَارِجِ اللَّهُمَّ أَنْتَ الْأَوَّلُ فَلَيْسَ قَبْلَكَ شَيْءٌ وَأَنْتَ الْآخِرُ

ওয়া সির্ বিনা- ফী- মা'আ-রিজিল মাদা-রিজ। আল্লা-হুম্মা আনতাল্ আওয়ালু ফালাইসা ক্বাবলাকা শায়উন ওয়া আনতাল আ-খিরু  
এবং আরোহণ করাও আমাদেরকে উচ্চমর্যাদার সোপানগুলোতে। হে আল্লাহ! তুমিই প্রথম, নেই তোমার পূর্বে কোন বস্তু; তুমিই শেষ,

فَلَيْسَ بَعْدَكَ شَيْءٌ وَأَنْتَ الظَّاهِرُ فَلَيْسَ فَوْقَكَ شَيْءٌ وَأَنْتَ البَاطِنُ

ফালাইসা বা'দাকা শায়উন ওয়া আনতায যোয়া-হিরু ফালাইসা ফাওক্বাকা শায়উন ওয়া আনতাল বা-ত্বিনু  
নেই তোমার পর কোন বস্তু; তুমি প্রকাশ্য, নেই তোমার চেয়ে অতি প্রকাশিত কোন বস্তু; তুমি অদৃশ্য,

فَلَيْسَ دُونَكَ شَيْءٌ فَلَكَ الْحَمْدُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ

ফালাইসা দূ-নাকা শায়উন ফালাকাল হামদু লা-ইলা-হা ইল্লা- আনতা সুবহা-নাকা  
নেই তোমার চেয়ে অতি গোপন কোন কিছু। সুতরাং তোমারই জন্য প্রশংসা, তুমি (আল্লাহ) ছাড়া কোন মা'বুদ নেই, পবিত্রতা তোমারই,

إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ مَا شَاءَ اللَّهُ كَانَ وَمَا لَمْ يَشَأْ لَمْ يَكُنْ

ইনী- কুন্তু মিনায যোয়া-লিমী-না; মা-শা-আল্লা-হু কা-না ওয়া মা- লাম ইয়াশা' লাম ইয়াকুন,  
নিশ্চয় আমি অত্যাচারীদের অন্তর্ভুক্ত ছিলাম। আল্লাহ, যা চেয়েছেন তা হয়েছে, আর যা চান নি তা হয়নি;

لَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ يَأْمَنُ هُوَ الْأَوَّلُ قَبْلَ كُلِّ شَيْءٍ وَالْآخِرُ بَعْدَ كُلِّ شَيْءٍ

লা-ক্বওয়াতা ইল্লা- বিল্লা-হু। ইয়া- মান হুয়াল আওয়ালু ক্বাবলা কুল্লি শায়ইওঁ ওয়াল আ-খিরু বা'দা কুল্লি শায়ইওঁ  
আল্লাহ ব্যতীত কোন শক্তি নেই। হে ওই সত্ত্বা! যিনি সবকিছুর আগে প্রথম, সবকিছুর পর শেষ,

وَالظَّاهِرُ فَوْقَ كُلِّ شَيْءٍ وَالبَاطِنُ دُونَ كُلِّ شَيْءٍ وَالْقَاهِرُ فَوْقَ كُلِّ شَيْءٍ يَا نُورُ الْأَنْوَارِ

ওয়াজ যোয়া-হিরু ফাওক্বা কুল্লি শায়ইওঁ ওয়াল বা-ত্বিনু দূ-না কুল্লি শায়ইওঁ ওয়াল ক্বা-হিরু ফাওক্বা কুল্লি শায়ইন। ইয়া- নূ-রাল আনওয়া-রি  
সবকিছুর উপর প্রকাশিত, সবকিছু থেকে অদৃশ্য, সবকিছুর উপর বিজয়ী। হে নূররাশির নূর!

يَا عَالِمَ الْأَسْرَارِ يَا مُدَبِّرَ اللَّيْلِ وَالنَّهَارِ يَا مَالِكِ يَا عَزِيزُ يَا قَهَّارُ يَا رَحِيمُ

ইয়া- 'আ-লিমাল আসরা-রি ইয়া- মুদাবিবরালু লাইলি ওয়ান নাহা-রি ইয়া- মা-লিকু ইয়া- 'আযী-যু ইয়া- ক্বাহ্বা-রু ইয়া- রাহী-মু  
হে রহস্যদির জ্ঞানী! হে রাত ও দিবসের পরিচালনাকারী! হে মালিক! হে মহাপরাক্রমশালী! হে মহাপ্রতাপশালী! হে দয়ালু!

يَا وَدُودُ يَا غَفَّارُ يَا عَلَّامَ الْغُيُوبِ يَا مُقَلِّبَ الْقُلُوبِ يَا سِتَّارَ الْعُيُوبِ

ইয়া- ওয়াদূ-দু ইয়া- গাফ্ফা-রু ইয়া- 'আল্লা-মাল গুযু-বি ইয়া- মুক্বাল্লিবাল কুলু-বি ইয়া সাত্তা-রাল 'উযু-বি  
হে সর্বাধিক ভালোবাসার অধিকারী! হে ক্ষমাশীল! হে সকল অদৃশ্যের মহাজ্ঞানী! হে অন্তর পরিবর্তনকারী! হে দোষ আড়ালকারী!

يَا غَفَّارَ الذُّنُوبِ يَا مَنْ هُوَ الْمُطَّلَعُ عَلَى مَكْنُونِ الضَّمَائِرِ يَا مَنْ

ইয়া- গাফফারায়্ যুনু-বী ইয়া- মান ছয়াল মুত্ব্বালি-উ 'আলা- মাকনু-নিহ্ দ্বোয়ামা-ইরি ইয়া- মান  
হে পাপ মার্জনাকারী! হে ওই সত্ত্বা! যিনি উদ্ভাসিত অন্তরের গোপন রহস্যাদির উপর। হে ওই সত্ত্বা!

هُوَ فَوْقَ عِبَادِهِ رَاحِمٌ أَرْحَمُ عَلَى عَبْدِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ

ছয়া ফাউক্বা 'ইবা-দিহী- রা-হিয়ুন। ইরহাম্ 'আলা- 'আবদিকা ইয়া- আরহামার্ রা-হিমী-না।  
যিনি দয়াকারী আপন বান্দাদের প্রতি, দয়া করো তোমার এ বান্দার প্রতি, হে শ্রেষ্ঠ দয়ালু!

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সায্বিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্বিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

رَحْمَتِكَ الشَّامِلَةَ وَبَرَكَاتِكَ الْكَامِلَةَ مِنْ حَيْثُ احْتِاطَ قَوْلِكَ

রাহমাতিকাশ্ শা-মিলাতি ওয়া বারাকা-তিকাল কা-মিলাতি মিন্ হায়সু ইহা-ত্বাতি ক্বাওলিকা  
যিনি তোমার বিস্তৃত রহমত (দয়া), পূর্ণাঙ্গ বরকত (প্রাচুর্য), বিশালতা ও পরিধি অনুযায়ী তোমার এ বাণীর:

وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا رَحْمَةً لِّلْعَالَمِينَ

﴿ওয়ামা---- আরসালনা-কা ইল্লা- রাহমাতাল্ লিল্ 'আ-লামী-না।﴾  
“আমি আপনাকে সমগ্র জগতের রহমত রূপে প্রেরণ করেছি।”

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সায্বিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্বিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ أَنْسَانَ عَيْنِ الْكُلِّ فِي حَضْرَةِ وَحْدَانِيَّتِكَ

মুহাম্মাদিন্ আনসা-নি 'আইনিল কুল্লি ফী- হাদ্বরাতি ওয়াহদা-নিয়্যাতিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সকল সৃষ্টির চোখের মণি সদৃশ তোমার দরবারে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

جَمَعَ جَمْعَ أَحَدِيَّتِكَ مِنْ حَيْثُ إِحْاطَةِ قَوْلِكَ

জাম'ই জাম'ই আহাদিয়্যাতিকা মিন হায়সু ইহা-ত্বাতি ক্বাওলিকা  
যিনি তোমার একত্বের একত্রকারী, ব্যাপকতা ও পরিধি অনুযায়ী তোমার এ বাণীর:

يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا

ইয়া--- আইয়ুহান্ নাবিয়্যু ইন্না--- আরসালনা-কা শা-ইদা-।  
“হে অদৃশ্যের সংবাদদাতা (নবী)! নিশ্চয় আমি আপনাকে প্রেরণ করেছি হাযির-নাযির করে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ هَاءِ هِدَايَتِكَ وَكَافِ كِفَايَتِكَ

মুহাম্মাদিন্ হা-ই হিদা-য়াতিকা ওয়া কা-ফি কিফা-য়াতিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার হিদায়তের 'হা' এবং 'কিফয়াত' (তত্ত্বাবধান)'র 'কাফ'।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ يَاءِ يُمْنِكَ وَعَيْنِ عِصْمَتِكَ

মুহাম্মাদিন্ ইয়া-ই ইয়ুম্নিকা ওয়া 'আয়নি 'ইস্মাতিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার ইয়ুম্ন (বরকত)'র 'ইয়া' এবং 'ইসমত' (পবিত্রতা)'র 'আইন'।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَادٍ صِرَاطِكَ صِرَاطَ الَّذِينَ

মু হাম্মাদিন্ সোয়া-দি সিরাত-ত্বিকা সেরা-ত্বালাযী-না  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার 'সিরাত' (পথ)'র 'সোয়াদ', 'সিরাত' (পথ)

أَنْعَمْتَ عَلَيْهِمْ مِنَ النَّبِيِّينَ وَالصَّادِقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ

আন'আমতা 'আলাইহিম মিনান্ নাবিয়ী-না ওয়াস্ সিদ্দী-ক্বী-না ওয়াশ্ শুহাদা-ই ওয়াস্ সোয়া-লিহী-ন।  
তাঁদেরই, যাঁদের উপর তুমি অনুগ্রহ করেছো তথা নবীগণ, সিদ্দীক্বগণ, শহীদগণ এবং সৎকর্মশীলগণ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

نُورِكَ الْأَسْمَى الْمُسْفَعِ فِي حَضْرَةِ الْأَسْمَا

নূ-রিকাল আসমা ল মুশাফ্ ফা'ই ফী- হাদ্ রাতিল আসমা-।  
যিনি তোমার অতি মর্যাদাসম্পন্ন নূর, যাঁর সুপারিশ ক্ববুল (গ্রহণযোগ্য) সর্বোন্নত মর্যাদাশীলের দরবারে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ مَّظَاهِرِهَا الْوُجُودِيَّةِ مِنْ حَيْثُ إِحَاطَةِ عِلْمِكَ

মুহাম্মাদিন্ মাযা-হিরিহাল ওজু-দিয়্যাতি মিন হায়সু ইহা-ত্বাতি 'ইল্মিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সৃষ্টিকুলের প্রকাশস্থল তোমার জ্ঞানের পরিবেষ্টন অনুযায়ী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ عَيْنِ اسْرَارِهَا الْجُودِيَّةِ مِنْ حَيْثُ احَاطَةِ كَرَمِكَ

মুহাম্মাদিন্ 'আইনি আসরা-রিহাল জু-দিয়্যাতি মিন্ হায়সু ইহা-ত্বাতি কারামিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আপাদমস্তক বদান্যতার রহস্য, তোমার দয়ার বিস্তৃতি অনুযায়ী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ عَيْنِ اخْتِرَاعَاتِهَا الْكُلِّيَّةِ الْكُونِيَّةِ مِنْ حَيْثُ ارَادَتِكَ

মুহাম্মাদিন্ আইনি ইখ্তিরা-আতিহাল কুল্লিয়্যাতিল কাওনিয়্যাতি মিন্ হায়সু ইরা-দাতিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সৃষ্টিজগতের সবকিছু আবিষ্কারের মূল, তোমার ইচ্ছানুযায়ী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

عَيْنِ مَقْدُورَاتِهَا الْجَبْرُوتِيَّةِ مِنْ حَيْثُ احَاطَةِ قُدْرَتِكَ وَقَهْرِكَ

'আইনি মাক্বুদ-রা-তিহাল জাবারু-তিয়্যাতি মিন্ হায়সু ইহা-ত্বাতি ক্বুদ্রাতিকা ওয়া ক্বাহরিকা।  
যিনি দাপটের ক্ষেত্রসমূহের মূল, তোমার শক্তি ও ক্ষমতার পরিধি অনুযায়ী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

عَيْنِ اِنْشَاءِهَا الْاِحْسَانِيَّةِ مِنْ حَيْثُ سِعَةِ اِحَاطَةِ رَحْمَتِكَ

‘আইনি ইনশা-আ-তিহাল ইহসা-নিয়্যাতি মিন হায়সু সি‘আতি ইহা-ত্বাতি রাহ্মাতিকা ।  
যিনি সৃষ্টিজগতের দয়াপূর্ণ সৃষ্টিলীলার মূল, তোমার প্রশস্ত ও ব্যাপক দয়া-অনুগ্রহ অনুযায়ী ।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مِّمَّ مَلِكِكَ

ওয়া ‘আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিম্ মী-মি মুল্কিকা ।  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার ‘মুলক’ (রাজত্ব)র ‘মীম’।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ حَاةٍ حِكْمَتِكَ

ওয়া ‘আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিন্ হা-ই হিক্মাতিকা ।  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার হেকমত (প্রজ্ঞা)র ‘হা’।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সায্যিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مِّمَّ مَلِكُوتِكَ

ওয়া ‘আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিম্ মী-মি মালাকু-তিকা ।  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার ‘মালাকুত’(রাজ্যসমূহ)র ‘মীম’।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দূরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ دَالٍ دَيْمُومِيَّتِكَ

ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিন্ দা-লি দায়মু-মিয়্যাতিকা।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার 'দাইমুমিয়্যাৎ' (স্থায়িত্ব)র 'দাল'।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দূরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الْوَاحِدِ الثَّانِي الْمَخْصُوصِ بِسَبْعِ الْمَثَانِي

মুহাম্মাদিনিন্ ওয়া-হিদিস্ সা-নিল মাখসু-সি বিসাব'ইল মাসা-নী-।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি (হিজরতের সময় গারে সওরে) দু'জনের একজন, বিশেষায়িত 'সাবউ' মাসানী' (সূরা ফাতিহা) দ্বারা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দূরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ السَّرِّ السَّارِي فِي مَنَازِلِ الْأُفُقِ الرَّحْمَانِي

মুহাম্মাদিনিন্স সির্‌রিস্ সা-রী- ফী- মানা-যিলিল উফুক্‌র রাহমা-নিয়্যি।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি এমন সুগু রহস্য, যা বিস্তৃত আল্লাহর দৃষ্টি সীমার স্তরগুলোতে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিনিন্  
হে আল্লাহ! দূরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,



الْقَلَمِ الْجَارِي بِمَدَادِ الْمَدَدِ الرَّبَّانِيِّ عَلَى مَسْطُورِ الْعَقْلِ الْإِنْسَانِيِّ

ক্বালামিল জা-রী- বিমাদা-দিল মাদাদির্ রাব্বা-নিয়ি 'আলা- মাসতু-রিল 'আক্বলিল ইনসা-নিয়ি।  
যিনি সচল 'কলম' আল্লাহর সাহায্যের কালি দ্বারা মানব বিবেকের পৃষ্ঠাগুলোতে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ الَّذِي مَلَأْتَ قَلْبَهُ مِنْ جَلَالِكَ

মু হাম্মাদিনি ল্লাযী- মালা'তা ক্বালবাহু- মিন্ জালা-লিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যার অন্তরকে তুমি ভরপুর করে দিয়েছ স্বীয় মহত্ব দ্বারা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

مُحَمَّدِ الَّذِي مَلَأْتَ عَيْنَهُ مِنْ جَمَالِكَ

মু হাম্মাদিনি ল্লাযী- মালা'তা 'আয়নাহু- মিন্ জামা-লিকা।  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যার যাত' (সত্ত্বা)কে তুমি ভরে দিয়েছ স্বীয় সৌন্দর্য দ্বারা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ أَلْفِ أَحَدِيَّتِكَ

ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিন্ আলিফি আহাদিয়্যাতিকা।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার 'আহাদিয়্যাৎ' (একত্ব)র 'আলিফ'।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ حَآءٍ وَحَدَانِيَّتِكَ

ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিন হা-ই ওয়াহদা-নিয়্যাতিকা।  
আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার 'ওয়াহদানিয়্যাত'(একত্ব)'র 'হা'।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مِمْ مُلْكِكَ

ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিম্ মী-মি মুল্কিকা।  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার 'মুল্ক'-এর 'মীম'।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ دَالِ دِينِكَ الْإِلَهُ الدِّينِ الْخَالِصُ

ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিন্ দা-লি দী-নিকা আলা- লাহ্দ্ দী-নুল খা-লিসু।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার এ 'দীন'-এর 'দাল'- "সাবধান! তাঁর জন্যই একনিষ্ঠ দীন।"

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

مُحَمَّدِ الَّذِي قَامَ إِلَيْكَ بِمَا أَضْفَتَهُ عَلَى التَّحْقِيقِ

মুহাম্মাদিনিলাযী- ক্বা-মা ইলাইকা বিমা- আছাফ্তাহু- 'আলাত্ তাহক্বী-ক্বি।  
যিনি প্রতিষ্ঠিত হয়েছেন তোমার প্রতি, সেটার কারণে, যা তুমি তাঁর প্রতি মূলত সম্পর্কিত করেছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ الَّذِي أَقَامَ الْبُرْهَانَ عَلَى وَحْدَانِيَّتِكَ

মুহাম্মাদিনিলাযী- আক্বা-মাল বুরহা-না 'আলা- ওয়াহদা-নিয়্যাতিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি প্রতিষ্ঠা করেছেন অকাট্য দলীল তোমার একত্ববাদের উপর।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ اثْبُتَ فِي الْقُلُوبِ أَحَدِيَّتِكَ

মুহাম্মাদিন্ আস্বাতা ফিল কুলূ-বি আহাদিয়্যাতাকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সাব্যস্ত করে দিয়েছেন অন্তরসমূহে তোমার একত্বকে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ سِرِّكَ الْمَصُونِ بِهَيْبَتِكَ وَجَلَالِكَ

মুহাম্মাদিন্ সির্-রিকাল মাসু-নি বিহায়বাতিকা ওয়া জালা-লিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার রহস্য, তোমার ভয় ও মহত্ব দ্বারা সংরক্ষিত।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى اٰلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ اِنَّمَا سُرَّوْجُ بِنُوْرٍ اَسْرَارِكُ وَجَمَالِكُ

মুহাম্মাদিনিন্ মুতাওভিজি বিনু-রি আস্রা-রিকা ওয়া জামা-লিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার সৌন্দর্য ও রহস্যাদির নূর দ্বারা মুকুট পরিধানকারী।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مَّوْضِعِ نَظْرِكُ

ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিম্ মাওদ্বি'ই নাযারিকা।  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার দয়াপূর্ণ দৃষ্টির কেন্দ্রস্থল।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مَّظْهَرِ خَزَائِنِ كَرَمِكُ

ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিম্ মাযহারি খাযা-ইনি কারামিকা।  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার অনুগ্রহের ভান্ডারসমূহের প্রকাশস্থল।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مَّجْلَىٰ عِزِّكَ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিম্ মাজলা- 'ইয্ যিকা ।  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার সম্মান-মর্যাদার বহিঃপ্রকাশ ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مِّفْتَاحِ قُدْرَتِكَ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিম্ মিফতা-হি কুদ্রাতিকা ।  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার কুদরতের চাবি ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مَّحَلِّ رَحْمَتِكَ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিম্ মাহাল্লি রাহমাতিকা ।  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার দয়ার প্রাসাদ ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مَّجْلَىٰ عِزِّكَ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিম্ মাজলা- 'আযমাতিকা ।  
এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার মর্যাদার প্রকাশস্থল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ مَظْهَرِ خُلَاصَتِكَ مِنْ كُنْهِ كُنْهِكَ

মুহাম্মাদিম্ মাযহারি খুলা-সাতিকা মিন কুন্হি কুন্হিকা।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তোমার হাক্বীক্বতের প্রকৃত সারাংশের প্রকাশস্থল।

اللَّهُمَّ ارْضِنِي بِقَضَائِكَ وَبَارِكْ لِي فِي مَا قَدَّرَ لِي

আল্লা-হুম্মা আরদ্দিনী- বিক্বাদ্বা-ইকা ওয়া বারিক লী- ফী-মা ক্বুদ্দিরা লী-  
হে আল্লাহ! রাজি রাখো আমাকে তোমার ফয়সালার উপর, বরকত দাও আমার জন্য ওই সব বিষয়ে, যা তুমি নির্ধারিত করেছ আমার জন্য,

حَتَّى لَا أَحِبَّ تَعْجِيلَ مَا آخَرْتُ وَلَا تَأْخِيرَ

হাত্তা- লা- উহিব্বা তা'জী-লা মা-আখ'খার্তা ওয়ালা- তা'খী-রা  
এমনকি আমি যেন অপছন্দ করি ওই বিষয়ে তাড়াতাড়ি পাওয়াকে, যা তুমি দেরীতে বিধান করেছ এবং ওই বিষয় দেরীতে পাওয়াকে,

مَا عَجَّلْتَ اللَّهُمَّ لَا عَيْشَ إِلَّا عَيْشَ الْآخِرَةِ اللَّهُمَّ أَحْيِنِي

মা-'আজ্জালতা। আল্লা-হুম্মা লা-'আইশা ইল্লা- 'আইশাল আ-খিরাহ্। আল্লা-হুম্মা আহয়িনী  
যা তুমি তাড়াতাড়ি বিধান করেছ। হে আল্লাহ! নেই কোন জীবন পরকালীন জীবন ব্যতীত। হে আল্লাহ! বাঁচিয়ে রাখো

مِسْكِينًا وَأَمْتِنِي مِسْكِينًا وَأَحْشِرْنِي فِي زُمْرَةِ الْمَسَاكِينِ

মিসকী-নান্ ওয়া আমিত্নী- মিসকী-নান্ ওয়াহশুরনী- ফী- যুমরাতিল মাসা-কী-ন।  
আমাকে 'মিসকীন' অবস্থায়, মৃত্যু দিও মিসকীন অবস্থায়, আমার হাশর করিও মিসকীনদের দলে।

اللَّهُمَّ اجْعَلْنِي مِنَ الَّذِينَ إِذَا أَحْسَنُوا اسْتَبْشَرُوا وَإِذَا أَسَاءُوا اسْتَغْفَرُوا

আল্লাহুম্মাজ'আলনী-মিনাল্লাযী-না ইয়া- আহসানু- ইস্তাবশারু- ওয়া ইয়া- আসা-উ- ইস্আগ্ফারু-।  
হে আল্লাহ! আমাকে অন্তর্ভুক্ত করো ওই সব লোকের, যারা সৎকর্ম সম্পাদন করে খুশি হয় এবং মন্দকর্ম করলে ক্ষমা প্রার্থনা করে।

اللَّهُمَّ اعْطِنِي إِيمَانًا لَا يَرْتَدُّ وَيَقِينًا لَيْسَ بَعْدَهُ كُفْرٌ

আল্লা-হুম্মা আ'ত্বিনী- ঈ-মা-নাল্ লা- ইয়ারতাদ্দু- ওয়া ইয়াক্বী-নাল্ লাইসা বা'দাহু- কুফরু-  
হে আল্লাহ! আমাকে দান করো এমন ঈমান, যা ভিন্ন ধর্ম গ্রহণে পরিবর্তন না হয়; এমন দৃঢ় বিশ্বাস দাও, যা পরে কুফরীতে রূপ নেবে না;

وَرَحْمَةً أَنَالُ بِهَا شَرَفَ كَرَامَتِكَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ

ওয়া রাহমাতান্ আনা-লু বিহা- শারাফা কারা-মাতিকা ফিদ দুনিয়া- ওয়াল আ-খিরাহ্ ।  
আর এমন রহমত (দয়া), যার বদৌলতে অর্জন করে নেব তোমার দয়ার মর্যাদা দুনিয়া ও আখেরাতে ।

اللَّهُمَّ إِنِّي أَنْزِلُ بِكَ حَاجَتِي وَإِنْ قَصُرَ رَأْيِي وَضَعْفَ عَمَلِي

আল্লা-হুম্মা ইন্নী- উন্যিলু বিকা হা-জাতী- ওয়া ইন্ ক্বাসুরা রা'ঈ- ওয়া দ্বা'উফা 'আমালী-  
হে আল্লাহ! নিশ্চয় আমি পেশ করছি তোমার নিকট আমার প্রয়োজনকে, যদিও সংকীর্ণ হয় আমার রায় এবং দুর্বল হয় আমার কর্ম ।

إِفْتَقَرْتُ إِلَى رَحْمَتِكَ اللَّهُمَّ ذَا الْحَبْلِ الشَّدِيدِ وَالْأَمْرِ الرَّشِيدِ أَسْأَلُكَ

ইফতাক্বারতু ইলা- রাহমাতিকা । আল্লা-হুম্মা যাল্ হাবলিশ্ শাদী-দি ওয়াল আমরির্ রাশী-দ । আস'আলুকাল্  
আমি মুখাপেক্ষী তোমার দয়ার প্রতি । হে আল্লাহ! দৃঢ় রশির মালিক, যথার্থ নির্দেশকারী, আমি তোমার নিকট প্রার্থনা করছি,

الْأَمْنِ يَوْمَ الْوَعِيدِ وَالْجَنَّةِ يَوْمَ الْخُلُودِ مَعَ الْمُقَرَّبِينَ الشُّهُودِ الرَّكْعِ السُّجُودِ

আম্না ইয়াউমাল ওয়া'ঈ-দি ওয়াল্ জান্নাতা ইয়াউমাল্ খুলু-দি মা'আল মুক্বাররাবী-নাশ্ শুহু-দির্ রুক্বা'ইস্ সুজু-দিল  
নিরাপত্তার-কিয়ামত দিবসে, জান্নাতের স্থায়ী দিবসে নৈকট্যপ্রাপ্ত ও প্রত্যক্ষকারী বান্দাদের সাথে, যারা রুক্ব'কারী, সাজদাকারী,

الْمُؤَفِّينَ بِالْعُهُودِ إِنَّكَ رَحِيمٌ وَدُودٌ إِنَّكَ تَفْعَلُ مَا تُرِيدُ

মু-ফী-না বিল 'উহু-দি ইন্নাকা রাহী-মু- ওয়াদু-দুন্ ইন্নাকা তাফ'আলু মা- তুরী-দ ।  
প্রতিশ্রুতি পূরণকারী । নিশ্চয় তুমি দয়ালু, প্রেমময় । নিশ্চয় তুমি সম্পাদন করো যা ইচ্ছা করো ।

اللَّهُمَّ اجْعَلْنَا هَذَا دِينَ مُهْتَدِينَ غَيْرَ ضَالِّينَ وَلَا مُضِلِّينَ سَلْمًا لِأَوْلِيَائِكَ

আল্লা-হুম্মাজ্'আলনা- হা-দী-না মুহতাদী-না গায়রা দ্বোয়া-ল্লী-না ওয়ালা- মুদ্বিল্লী-না সিল্'মাল্ লিআওলিয়া-ইকা  
হে আল্লাহ! বানাও আমাদেরকে হেদায়াতপ্রাপ্ত ধার্মিক, পথদ্রষ্ট নয়, পথদ্রষ্টকারীও নয়; তোমার বন্ধুদের সাথে সদ্যবহারকারী

وَحَرْبًا بِأَعْدَائِكَ نُحِبُّ بِحُبِّكَ مِنْ أَحَبِّكَ

ওয়া হারবাম্ বিআ'দা-ইকা নুহিব্বু বিছবিবকা মান আহাববাকা  
এবং তোমার শত্রুদের সাথে যুদ্ধকারী। আমরা ভালোবাসবো তোমার ভালোবাসায় ওই ব্যক্তিকে, যে তোমাকে ভালোবাসে।

وَنُعَادِي بِعَدَوَاتِكَ مَنْ خَالَفَكَ مِنْ خَلْقِكَ

ওয়া নু'আ-দী- বি'আদা-ওয়াতিকা মান খা-লাফাকা মিন্ খাল্কিক্কা।  
এবং শত্রুতা রাখবো সৃষ্টিকুলের মাঝে তোমার বিরুদ্ধাচারীদের সাথে, তোমার শত্রুতার কারণে।

اللَّهُمَّ لَا تَكِلْنِي إِلَى نَفْسِي طَرْفَةَ عَيْنٍ وَلَا تَنْزِعْ مِنِّي صَالِحَ

আল্লা-হুম্মা লা- তাকিলনী- ইলা- নাফসী- ত্বারফাতা 'আইনিও ওয়ালা- তুনযি' মিন্নী- সোয়া-লিহা  
হে আল্লাহ! সোপর্দ করিও না আমাকে আমার আত্মার প্রতি চোখের পলক মারার দেয়ী পর্যন্তও, আর ছিনিয়ে নিও না আমার থেকে ওই কল্যানের বস্তু,

مَا أَعْطَيْتَنِي اللَّهُمَّ إِنَّكَ لَسْتَ بِاللَّهِ اسْتَحَدَ ثَنَاهُ وَلَا بَرَبٍ يَبِيدُ ذِكْرُهُ

মা- আ'ত্বায়তানী-। আল্লা-হুম্মা ইন্নাকা লাস্তা বিইলা-হিন ইস্তাহদাস্না-হ ওয়ালা বিরাব্বী- ইয়াবী-দু যিক্ৰুহু-  
যা তুমি আমাকে দান করেছো। হে আল্লাহ! নিশ্চয় তুমি ওই ইলাহ নও, যাকে আমরা সৃষ্টি করেছি, না ওই রব, যার স্মরণ নিঃশেষ হয়ে যাবে,

ابْتَدَعْنَاهُ وَلَا عَلَيْكَ شُرَكَاءُ يَقْضُونَ مَعَكَ

ইব'তাদা'না-হ ওয়ালা- 'আলাইকা শুরাকা-উ ইয়াকুস্-না মা'আকা  
যা আমরা নিজেরাই বানিয়েছি। নেই কোন অংশীদার তোমার সাথে, যে নির্দেশ প্রদান করবে তোমার সাথে;

وَلَا كَانَ لَنَا قَبْلَكَ مِنْ إِلَهٍ نَلْجَأُ إِلَيْهِ وَنَدْرِكُ

ওয়ালা- কা-না লানা- ক্বাবলাকা মিন ইলা-হিন নাল্জাউ ইলাইহি ওয়া নাদারাকা  
আর ছিল না আমাদের জন্য তোমার পূর্বে কোন ইলাহ, যার কাছে আশ্রয় পাওয়া যাবে, আর তোমাকে ছেড়ে দেবো।

وَلَا آعَانِكَ عَلَى خَلْقِنَا أَحَدٌ فَنُشْرِكُكَ فِيكَ تَبَارَكْتَ وَتَعَالَيْتَ

ওয়ালা- আ'আ-নাকা 'আলা- খাল্কিনা- আহাদুন্ ফানশুরিকাহু- ফী-কা তাবা-রাক্তা ওয়া তা'আ-লাইতা  
তোমাকে সাহায্য করে নি কেউ আমাদের সৃজনে, যাতে তাকে আমরা তোমার সাথে অংশীদার বানাবো। তুমি প্রাচুর্যময়, উঁচু মর্যাদার অধিকারী।



فَسُئِلَكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ اغْفِرْ لِي وَارْحَمْنِي إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ

ফানাস্ আলুকা লা-ইলা-হা ইল্লা- আনতা ইগ্ফিরলী- ওয়ারহামনী- ইল্লাকা আনতাল গাফু-রর্ রাহী-ম ।  
আমরা তোমার নিকট প্রার্থনা করছি, তুমি ছাড়া কোন মা'বুদ নেই, তুমি আমাকে ক্ষমা করে, আমার প্রতি দয়া করে। নিশ্চয় তুমি ক্ষমাশীল, দয়ালু।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করে আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

مُجَلِّي الذَّاتِ وَمُظْهِرِ الْأَسْمَاءِ وَالصِّفَاتِ وَحَاةِ الرَّحْمَةِ وَمِيمَى الْمُلْكِ وَالْمَلَكُوتِ

মাজ্জলিয্ যা-তি ওয়া মায়হারিল্ আসমা-ই ওয়াস্ সেফা-তি ওয়া হা-ইর্ রাহমাতি ওয়া মী-মায়িল মুল্কি ওয়াল মালাকু-ত ।  
যিনি তোমার যাত (সত্তা)র প্রকাশস্থল, নামসমূহ ও গুণাবলীর বহিঃপ্রকাশ, রহমতের 'হা' এবং 'মুল্ক' ও 'মালাকুত' (রাজত্ব)র 'মীম'।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করে আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ دَالِ الدَّوَامِ وَسِرِّ حَيَاةِ الْعَالَمِ

মুহাম্মাদিন্ দা-লিদ্ দাওয়া-মি ওয়া সির্-রি হায়া-তিল 'আ-লামি  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি 'দাওয়াম' (স্থায়িত্ব)র 'দা-ল', জগতের জীবনের গভীর রহস্য,

وَعَلَّةِ السُّجُودِ لِأَدَمَ وَرُوحِ الْأَرْوَاحِ السَّارِي فِي جَمِيعِ الْأَشْبَاحِ

ওয়া 'ইল্লাতিস্ সুজু-দি লিআ-দামা ওয়া রু-হিল আরওয়া-হিস্ সা-রী- ফী- জামী-'ইল আশবাহ ।  
আদমকে সাজদা করার কারণ, রুহসমূহের রুহ (আত্মা), যা সকল শরীরে প্রভাব বিস্তারকারী ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিম্  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করে আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

## مَجْمَعُ حَقَائِقِ اللَّاهُوتِ وَ مَتْبَعُ دَقَائِقِ النَّاسُوتِ

মাজমা'ই হাক্বা-ইক্বিল্ লা-হু-তি ওয়া মাম্মা'ই দাক্বা-ইক্বিল্ না-সু-তি ।  
যিনি লা-হুত-এর হাক্বীক্বতসমূহের সমাবেশ, মানবজাতির সুক্ষ্মবিষয়াদির উৎস ।

## اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

## رَايَةَ إِمَامَةِ قُلِّ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ

রা-য়াতি ইমা-মাতি ۞ ক্বুল্ ইন্ ক্বন্তুম্ তুহিব্বু-নাল্লা-হা ফাত্তাবি'উ-নী- ইয়হিব্বুকুমুল্লা-হ্ । ۞  
যিনি ইমামতের পতাকা; এরশাদ হচ্ছে: "হে মাহবুব! আপনি বলে দিন, হে মানবকুল! যদি তোমরা আল্লাহকে ভালোবেসে থাকো তবে আমার অনুসারী হয়ে যাও ।"

## اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

## خِلْعَةَ خِلَافَةِ إِنْ الَّذِينَ يُبَايِعُونَكَ إِنَّمَا يُبَايِعُونَ اللَّهَ

খিল্'আতি খিলা-ফাতি ۞ ইন্নালাযী-না ইয়ুব্বা-য়ি'উ-নাকা ইন্নামা- ইয়ুব্বা-য়ি'উ-নাল্লা-হা । ۞  
যিনি ওই খিলাফতের খিলাআহ (পোষাক), এরশাদ হচ্ছে: "ওই সব লোক যারা আপনার নিকট বায়'আত গ্রহন করছে, তারা তো আল্লাহরই নিকট বায়'আত গ্রহন করছে ।"

## اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

## تَاجَ مَحْبُوبِيَّتِهِ وَلَسَوْفَ يُعْطِيكَ رَبُّكَ فَتَرْضَى

তা-জি মাহব্বু-বিয়্যাতিহী- ۞ ওয়ালাসাওফা ইয়ু'ত্বী-কা রাব্বুকা ফাতার্দ্বা- । ۞  
যিনি তাঁর ভালোবাসার মুকুট, এরশাদ হচ্ছে: "এবং নিশ্চয় আঁচরে আপনার রব আপনাকে এ পরিমাণ দেবেন যে, আপনি সন্তুষ্ট হয়ে যাবেন ।"

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ  
হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ بِسَاطِ خُلَّةٍ لَعْمُرُكَ

ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিম্ব বিসা-ত্বি খুল্লাতি ক্বলা'আমরুকা  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর বিস্তৃত ভালোবাসা রয়েছে,

وَعَفَا اللَّهُ عَنْكَ وَمَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ

ওয়া 'আফাল্লা-হ 'আনকা ওয়ামা- ওয়াদ্দা'আকা রাব্বুকা ওয়ামা- ক্বালা-।  
এরশাদ হচ্ছে: হে মাহবুব! আপনার শপথ! আল্লাহ তা'আলা আপনাকে ক্ষমা করুন! আপনার রব আপনাকে পরিত্যাগ করেন নি এবং না অপছন্দ করেছেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিনি  
হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي قَالَ اللَّهُ فِي حَقِّهِ لَوْلَاكَ لَمَا خَلَقْتُ الْإِفْلَاقَ

ল্লাযী- ক্বা-লাল্লা-হ ফী- হাক্বু ক্বিহী ক্বলাওলা-কা লামা- খালক্বত্বুল আফলা-ক।  
যার ব্যাপারে আল্লাহ তা'আলা এরশাদ করেন, "যদি আপনি সৃষ্টি না হতেন তবে নিশ্চয় আমি আকাশমন্ডলী সৃষ্টি করতাম না।"

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিনি  
হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

حَامِلٍ لِّوَاءِ الْحَمْدِ وَادَمٍ وَمَنْ دُونَهُ تَحْتَ لِيَوَائِهِ

হা-মিলি লিওয়া-ইল হামদি ওয়া আ-দামু ওয়া মান দ-নাহু- তাহতা লিওয়া-ইহ।  
যিনি 'লিওয়া-ই হামদ'-এর ধারক-বাহক এবং হযরত আদম (আলাইহিস সালাম) ও তাঁর পরবর্তী অন্যান্য নবীগণ তাঁর 'লিওয়া'র নীচে থাকবেন।

## اللَّهُمَّ سَابِقَ الْأَسْبَاقِ وَرَازِقَ الْأَرْزَاقِ وَخَالِقَ الْخَلَائِقِ

আল্লাহ-হুম্মা সাবিক্বাল আসবা-ক্বি ওয়া রা-যিক্বাল আরযা-ক্বি ওয়া খা-লিক্বাল খালা-ইক্বি  
হে আল্লাহ! হে সবার চেয়ে প্রথম ও অগ্রগামী! হে রিযিক্বদাতা! সৃষ্টিকুল সৃজনকারী,

## وَقَادِرَ الْمَقْدُورِ وَقَاهِرَ الْمُقَهَّورِ وَعَادِلٌ فِي يَوْمِ الْحَشْرِ وَالنُّشُورِ

ওয়া ক্বা-দিরাল মাক্বদূ-রি ওয়া ক্বা-হিরাল মাক্বহূ-রি ওয়া 'আ-দিলুন ফী- ইয়াউমিল হাশরি ওয়ান্ নুশূ-রি  
সৃষ্টির উপর শক্তিশালী, সকল পরাজিত বস্তুর উপর বিজয়ী। (যিনি) হাশর-নশরের দিন ন্যায়বিচারকারী,

## إِلَهُ الْأِلَهَةِ جَامِعُ النَّاسِ يَوْمَ الْوَأَقِعَةِ رَبَّنَا غَفُورٌ رَحِيمٌ حَلِيمٌ

ইলা-হাল আ-লিহাতি জা-মি'আন্ না-সি ইয়াউমাল ওয়া-ক্বি'আতি রব্বুনা- গাফূ-রু রাহী-মুন হালী-মুন  
তথাকথিত সকল উপাস্যেরও ইলাহ, ক্বিয়ামত দিবসে সকল মানুষকে একত্রিতকারী! আমাদের রব, ক্ষমাশীল, দয়াময়, ধৈর্যশীল,

## شَكُورٌ الْأَوَّلُ الْقَدِيمُ خَالِقُ الْعَرْشِ الْعَظِيمِ وَالسَّمَوَاتِ وَالْأَرْضَيْنِ

শাক্বূ-রুন আল'আওয়ালুল ক্বাদী-মু খা-লিকুল 'আরশিল 'আযী-মি ওয়াস্ সামা-ওয়াতি ওয়াল আরযী-না  
কৃতজ্ঞতা কবুলকারী, প্রথম, চিরন্তন, মহা আরশ, আসমানসমূহ ও যমীন সৃষ্টিকারী।

## وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ قَابِلُ التَّوْبِ شَكُورٌ عَلِيمٌ غَفُورٌ رَحِيمٌ

ওয়া হুয়াস্ সামী-'উল 'আলী-মু ক্বা-বিলুত্ তাওবি শাক্বূ-রুন 'আলী-মুন গাফূ-রু রাহী-মু'-  
এবং তিনি সর্বশ্রোতা, মহাজ্ঞানী, তাওবা কবুলকারী, কৃতজ্ঞতার প্রতিদান দাতা, মহাজ্ঞানী, ক্ষমাশীল, দয়ালু।

## وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَرْشِ الْعَظِيمِ هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ

ওয়াল হামদু লিল্লা-হি রাব্বিল 'আরশিল 'আযী-মি হুয়াল আওয়ালু ওয়াল আ-খিরু ওয়ায্ যোয়া-হিরু  
সমস্ত পুশংসা আল্লাহর জন্য, যিনি মহা আরশের রব। তিনি প্রথম, শেষ,

## وَالْبَاطِنُ وَالذَّائِمُ الرَّازِقُ لِلْخَلَائِقِ وَالْبَهَائِمِ صَاحِبُ الْعَطَايَا

ওয়াল বা-ত্বিনু ওয়াদ দা-ইমুর রা-যিক্ব লিল খালা-ইক্বি ওয়াল বাহা-ইমি সোয়া-হিবুল 'আত্বোয়া-য়া-  
প্রকাশ্য, অদৃশ্য, চিরস্থায়ী, সকল সৃষ্টি ও চতুষ্পদ জন্তকে রিযিক্বদাতা, পুরস্কারদাতা,

دَافِعُ الْبَلَايَا مَنْ يَشْفِي السَّقِيمَ وَيَغْفِرُ الْخَاطِئِينَ

দা-ফি'উল বালা-য়া- মাই' ইয়াশফিস্ সাক্বী-মা ওয়া ইয়াগ্ফিরুল খাত্বী-না  
বিপদসমূহ বিলোপকারী। হে ওই সত্ত্বা, যিনি অসুস্থদের আরোগ্য দান করেন, গুনাহগারদের মার্জনা করেন,

وَيَبُوءُ النَّادِمِينَ وَيَعْفُوا الظَّالِمِينَ وَيُحِبُّ الصَّالِحِينَ

ওয়া ইয়াবু-উন্ না-দিমী-না ওয়া ইয়া'ফুয যোয়া-লিমী-না ওয়া ইয়ুহিব্বুস্ সোয়া-লিহী-না  
লাঞ্জিতদের আশ্রয় দান করেন, অত্যাচারীদের ক্ষমা করেন, সৎকর্মশীলদের ভালোবাসেন,

وَيُنَجِّي الْمَغْمُومِينَ وَيُنذِرُ الْمُنذِرِينَ وَيَسْتُرُ الْمُدْنِبِينَ

ওয়া ইয়ুন্জিল মাগ্মু-মী-না ওয়া ইয়ুনযিরুল মুনযিরী-না ওয়া ইয়াস্তুরুল মুয্নিবী-না  
দুশ্চিন্তাগ্রস্থদের মুক্তি দেন, ভয়প্রদর্শনের উপযুক্তদের ভয় দেখান, গুনাহগারদের উপর আবরণ দেন,

وَيَوْمِنُ الْخَائِفِينَ سُبْحَانَكَ سُبْحَانَكَ لَا إِلَهَ إِلَّا

ওয়া ইয়ু'মিনুল খা-ইফী-না সুব্বাহ-নাকা সুব্বাহ-নাকা সুব্বাহ-নাকা লা- ইলা-হা ইল্লা-  
ভীত-সন্ত্রস্তদের নিরাপত্তা দেন, তুমি পবিত্র, তুমি পবিত্র, তুমি পবিত্র। তুমি ছাড়া কোন মা'বুদ নেই।

أَنْتَ الْكَرِيمُ الْمَعْبُودُ كَثِيرُ الْعَطَايَا وَغَافِرُ الْخَطَايَا سَاتِرُ

আন্তাল কারী-মুল মা'বু-দু কাসী-রুল 'আত্বা-য়া ওয়া গা-ফিরুল খাত্বা-য়া- সা- তিরুল  
যিনি দয়ালু, উপাস্য, বেশি দানের মালিক। ত্রুটিসমূহ মার্জনাকারী,

الْعُيُوبِ شَكُورٌ رَحِيمٌ عَالِمٌ لِّمَا فِي الصُّدُورِ مُنْبِتُ الزُّرُوعِ

'উয়ু-বি শাকু-রন্ রাহী-মুন 'আ-লিমুল লিমা- ফিস্ সুদু-র। মুশ্বিতুয যুরু-ই  
দোষসমূহ গোপনকারী, কৃতজ্ঞতার প্রতিদান দানকারী, দয়ালু, অশুরের বিষয়াদি সম্পর্কে অবগত, ফসল

وَالْأَشْجَارِ وَمُدَبِّرُ اللَّيْلِ وَالنَّهَارِ فَالِقُ الْحُبُوبِ

ওয়াল আশ্জা-রি ওয়া মুদাব্বিরুল লাইলি ওয়ান্ নাহা-রি ফা-লিকুল হুবু-বি  
ও গাছ-গাছালী উৎপাদনকারী, রাত ও দিবসের পরিচালক, চারা সৃষ্টি করার জন্য দানাগুলোকে বিদর্শনকারী।

خَالِقُ السَّمَوَاتِ وَالْأَرْضِ غَنِيٌّ عَنِ الْخَلَائِقِ قَاسِمُ الْأَرْزَاقِ

খা-লিকুস্ সামা-ওয়া-তি ওয়াল আরদি গানিয়্যন্ 'আনিল খালা-ইক্বি ক্বা-সিমুল আরযা-ক্বি আকাশসমূহ ও যমীনের স্রষ্টা, সৃষ্টিজগত থেকে অমুখাপেক্ষী। রিয্ক্ব বন্টনকারী,

عَلَامُ الْغُيُوبِ مُذْهَبُ الْهُمُومِ أَنْتَ الَّذِي سَجَدَ لَكَ سَوَادُ اللَّيْلِ

'আল্লা-মুল গুয়ু-বি মুযহিবুল হুমু-মি আনতাল্লাযী- সাজাদা লাকা সাওয়া-দুল লাইলি অদশ্যের জ্ঞানী, দুশ্চিন্তা বিলোপকারী। তুমিই ওই সত্ত্বা, যাকে সাজদা করেছে রাতের অন্ধকার,

وَنُورُ النَّهَارِ وَضَوْءُ الْقَمَرِ وَشُعَاءُ الشَّمْسِ وَدَوِيُّ الْمَاءِ وَخَفِيقُ الشَّجَرِ

ওয়া নু-রুন নাহা-রি ওয়া দ্বাওউল ক্বামারি ওয়া শু'আ-উশ্ শামসি ওয়া দাভিয়ুল মা-ই ওয়া খাফী-ক্বশ্ শাজার। দিনের আলো, চাঁদের কিরণ, সূর্য রশ্মি, পানির প্রবাহ, গাছ-গাছালীর নড়াচড়া।

اللَّهُمَّ فَاطِرَ السَّمَوَاتِ وَالْأَرْضِ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ

আল্লা-হুম্মা ফা-ত্বিরাস্ সামা-ওয়া-তি ওয়াল আরদি 'আ-লিমাল গায়বি ওয়াশ্ শাহা-দাতি হে আল্লাহ! আসমানসমূহ ও যমীনের সৃষ্টিকর্তা। অদৃশ্য ও দৃশ্যের জ্ঞানী,

رَبِّ كُلِّ شَيْءٍ وَمَلِيكُهُ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ

রাব্বা কুল্লি শায়ইন ওয়া মালী-কাহু- আশহাদু আল্ লা-ইলা-হা ইল্লা- আন্তা প্রত্যেক বস্তুর রব, যোগ্য মালিক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া কোন ইলাহ নেই।

أَعُوذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِي وَمِنْ شَرِّ الشَّيْطَانِ وَشَرِّكَهٖ

আ'উ-যুবিকা মিন্ শার্রি নাফসী- ওয়ামিন শার্রিশ্ শায়ত্বা-নি ওয়া শিরক্বিহী- আমি তোমার নিকট আশ্রয় চাই আমার আত্মার মন্দ থেকে, শয়তানের মন্দ থেকে, তার কুমন্ত্রণা ও 'শিরক' থেকে,

فَسُبْحَانَ مَنْ تَحَيَّرَتْ الْعُقُولُ فِي شَانِهِ لَا إِلَهَ إِلَّا

ফাসুবহা-না মান্ তাহায়্যারাতিল 'উক্বু-লু ফী- শা-নিহী- লা-ইলা-হা ইল্লা- পবিত্র ওই সত্ত্বা, যাঁর শান (মর্যাদা)-এ বিবেকবানগণ আশ্চর্যান্বিত। তিনি ছাড়া কোন মা'বুদ নেই,

هُوَ الْعَزِيزُ الْحَكِيمُ أَذْهَبِ الْبَأْسَ رَبِّ النَّاسِ إِنْ شِئْتَ أَنْتَ

হুয়াল 'আযী-যুল হাকী-যু আয্হিবিল বা'সা রাববান্ না-সি ইশ্ফি আনতাশ্  
মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়। হে মানবমন্ডলীর রব! কঠোরতা বিলোপ করো, আরোগ্য দান করো,

الشَّافِي لَا شِفَاءَ إِلَّا شِفَاءَكَ شِفَاءً لَا تُغَادِرُ سَقَمًا

শা-ফী- লা- শিফা-আ ইল্লা- শিফা-উকা শিফা-আল্ লা- তুগা-দিরু সাক্বমা-।  
তুমিই আরোগ্যদাতা, তোমার আরোগ্য ব্যতীত কোন আরোগ্য নেই। এমন আরোগ্য (দাও) যাতে কোন রোগ না থাকে।

اللَّهُمَّ إِنَّا نَعُوذُ بِكَ أَنْ نَذِلَّ وَنَخْزَى

আল্লা-হুম্মা ইন্না- না'উ-যু বিকা আন্ নাযিল্ লা ওয়া নাখযা-।  
হে আল্লাহ! নিশ্চয় আমরা তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি, অপমানিত ও দুশ্চিন্তাগ্রস্ত হওয়া থেকে।

اللَّهُمَّ صَلِّ عَلَيَّ نَبِيِّنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَآلِهِ أَجْمَعِينَ

আল্লা-হুম্মা সল্লি 'আলা- নাবিয়্যিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া আ-লিহী- আজমা'ঈ-না  
হে আল্লাহ! দুরূদ প্রেরণ করো আমাদের নবী, আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং তাঁর পবিত্র বংশধরের প্রতি

وَإِخْوَتِهِ جَمِيعِ الْأَنْبِيَاءِ وَالْمُرْسَلِينَ وَسَلِّمْ عَلَيْهِمْ أَجْمَعِينَ إِنَّمَا اللَّهُ إِلَهُ وَاحِدٌ

ওয়া ইখওয়াতিহী- জামী-ইল আম্মিয়া-ই ওয়াল মুরসালী-না ওয়া সাল্লিম 'আলাইহিম আজমা'ঈ-ন। ইন্নামাল্লা-হু ইলা-হুঁ- ওয়া-হিদুন  
এবং তাঁর সকল 'ভাই' তথা নবী-রসূলগণের প্রতি, সালাম প্রেরণ করো সকলের প্রতি। নিশ্চয় আল্লাহ একমাত্র মা'বুদ।

سُبْحَانَهُ أَنْ يَكُونَ لَهُ وَلَدٌ - قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ - اللَّهُ الصَّمَدُ -

সুবহা-নাহু- আই ইয়াকু-না লাহু- ওয়ালাদ। কুল্ হুয়াল্লা-হু আহাদ। আল্লা-হুস্ সোয়ামাদ।  
তিনি সন্তান থাকা থেকে পবিত্র। "আপনি বলুন, তিনি আল্লাহ, এক, আল্লাহ পরমুখাপেক্ষী নন;

لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ - وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ -

লাম ইয়ালিদ্ ওয়ালাম্ ইয়ু-লাদ। ওয়া লাম্ ইয়াকুল্লাহু- কুফুওয়ান্ আহাদ।  
না তাঁর কোন সন্তান আছে এবং না তিনি কারো থেকে জন্মগ্রহণ করেছেন। এবং না আছে কেউ তাঁর সমকক্ষ হবার।"